# ইসলামিক ফাউন্ডেশন

[প্রতিষ্ঠাতা: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান]

আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা ১২০৭

## স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন উপলক্ষে ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক বাস্তবায়িত কার্যক্রম

### ২৬ মার্চ বাদ জুমআ দেশের সকল মসজিদে বিশেষ দোয়া ও মোনাজাত

স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষে ২৬ মার্চ শুক্রবার বাদ জুম আ বায়তুল মো কাররম জাতীয় মসজিদসহ দেশের সকল মসজিদে স্বাস্থবিধি অনুসরণ করে বিশেষ দোয়া ও মোনাজাতের ব্যবস্থা করা হয়। মোনাজাতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ ১৯৭১ সালের মুক্তি যুদ্ধে দেশের জন্য জীবনদানকারী সকল শহি দের রূহের মাগফিরাত কামনা করা হয়। যুদ্ধাহত মুক্তি যোদ্ধাদের সুস্থতা ও দীর্ঘায়ু কামনা করা হয়। জাতির শান্তি , সমৃদ্ধি ও দেশের উন্নয়ন ও অগ্রগতি কামনা করে মহান আল্লাহর নিকট প্রার্থনা করা হয়।

### বায়তুল মুকাররম জাতীয় মসজিদে আলোচনা সভা, কোরআন খতম ও বিশেষ দোয়া

স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও মহান স্বা ধীনতা দিবস ২০২১ উদযাপন উপলক্ষে গত ২৬ মার্চ ২০২১ শুক্রবার সকাল ১০ টায় বায়তুল মুকাররম জাতীয় মসজিদে আলোচনা সভা, কুরআন খতম, বিশেষ দোয়া ও মোনাজাত অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ধর্ম প্রতিমন্ত্রী মোঃ ফরিদুল হক খান এমপি। ইসলামিক ফাউন্ডেশনের মহাপরিচালক (অতিরিক্ত সচিব ) ড. মোঃ মুশফিকুর রহমা নের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় অন্যান্যের মধ্যে ৫৬০ মডেল মসজিদের প্রকল্প পরিচালক মোঃ নজিবুর রহমান, ইসলামিক ফাউন্ডেশনের পরিচালকবৃন্দ, কর্মকর্তা-কর্মচারী ও ধর্মপ্রাণ মুসল্লিগণ উপস্থিত ছিলেন। দোয়া ও মোনাজাত পরিচালনা করেন বায়তুল মুকাররম জাতীয় মসজিদের সিনিয়র পেশ ইমাম মুফতি মাওলানা মিজানুর রহমান
এ সময় ১৯৭১ সালে মহান মুক্তিযুদ্ধে আত্মদানকারী সকল শহীদদের রূহের মাগফিরাত কামনা করে বিশেষ দোয়া ও মোনাজাত করা হয়। এছাড়া দেশের শান্তি, সমৃদ্ধি ও কল্যাণ কামনা করেও দোয়া করা হয়।



## বিভাগীয়, জেলা ও উপজেলা পর্যায়ে আলোচনা সভা ও বিশেষ দোয়া

স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষে ইসলামিক ফা উন্ডেশনের বিভাগীয় , জেলা ও উপজেলা কা র্যালয়ের উদ্যোগে স্বাস্থ্যবিধি অনুসরণ ও সামা জিক দূরত্ব বজায় রেখে ২৬ মার্চ শুক্রবার ‘স্বাধীনতার গুরুত্ব ও তাৎপ র্য’ শীর্ষক আলোচনা সভা ও বিশেষ দোয়ার আয়োজন করা হয়। অনুষ্ঠানে স্থানীয় প্রশাসন , রাজনীতিবিদ, আলেম-ওলামা, খতিব-ইমামসহ সর্বস্তরের জনসাধারণ অংশগ্রহণ করেন।

## সিলেট বিভাগীয় কার্যালয়ে আলোচনা সভা ও দোয়া মাহফিল

স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও মহান স্বাধীনতা দিবস ২০২১ উদযাপন উপলক্ষে গত ২৬ মার্চ ২০২১ শুক্রবার সকালে ইসলামিক ফাউন্ডেশন সিলেট বিভাগীয় কার্যালয়ের উদ্যোগে ইসলামিক ফাউন্ডেশন অডিটোরিয়ামে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয় । সিলেট মহানগর আওয়ামীলীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা মাসুক উদ্দিন আহমদ সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। সভাপতিত্ব করেন ইসলামিক ফাউন্ডেশন সিলেট বিভাগীয় কার্যালয়ের পরিচালক ফরিদ উদ্দিন আহমেদ।



## খুলনা বিভাগীয় কার্যালয়ে আলোচনা সভা ও দোয়া মাহফিল


মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে দিবস   উপলক্ষ্যে ইসলামিক ফাউন্ডেশন  খুলনা বিভাগীয় কার্যালয় কর্তৃক যথারীতি জাতীয় পতাকা উত্তোলন, জেলার সকল মসজিদে বিশেষ দোয়া , শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ  ও দিবসটির তাৎপর্য তুলে ধরে আলোচনা সভা বাস্তবায়ন করা হয়েছে। খুলনা জেলায়  ২৫শে মার্চ গণহত্য দিবস ও  ২৬শে মার্চ মহান স্বাধীনতা দিবস উপলক্ষ্যে ইমাম প্রশিক্ষণ একাডেমী মিলনায়তনে আলোচনা সভা ও দোয়া  -মিলাদ মাহফিল অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন   জনাব মোহাম্মা দ হেলাল হোসেন  ,  জেলা প্রশাসক ,  খুলনা। বিশেষ অতিথি ছিলেন যথাক্রমে জনাব দেলোয়ারা  বেগম,বিভাগীয় সহকারী বিদ্যালয় পরিদর্শক, খুলনা অঞ্চল, খুলনা, জনাব এস এম রাসেল ইসলাম নূর,নেজারত ডেপুটি কালেক্টর, খুলনা, মাওলানা মোশাররফ হোসেন,মুহাদ্দিস, খুলনা দারুল উলুম মাদ্রাসা ও কৃষিবিদ আহসানুল হাকিম, উপ পরিচালক ,  কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ,  খুলনা। সভপতিত্ব করেন -জনাব শাহীন বিন জামান  ,  পরিচালক ইসলামিক ফাউন্ডেশন, খুলনা বিভাগীয় কার্যালয়।






## ‘স্বাধীনতার সুবর্ণজয়ন্তী: স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল বাংলাদেশ’ উদযাপন কর্মসূচি বাস্তবায়ন

স্বাধীনতার সুবর্ণজয়ন্তী এবং মুজিব জন্মশতবর্ষে বাংলাদেশ স্বল্পোন্নত দেশের তালিকা থেকে উন্নয়নশীল দেশে উন্নীত হওয়া এক বিরাট গৌরবের এবং আনন্দের। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশের এ অর্জন নতুন প্রজন্মকে উৎসর্গ করেছেন। সমগ্র দেশবাসীকে সম্পৃক্ত করে বাংলাদেশের প্রতিটি জেলা ও উপজেলায় **‘স্বাধীনতার সুবর্ণজয়ন্তী: স্বল্পোন্নত দেশ থে কে উন্ন য়নশীল বাংলাদেশ’** উদযাপন কর্মসূচি দুইদিনব্যাপি গত ২৭ ও ২৮ মার্চ ২০২১ কোভিড-১৯ এর জন্য অনুসরণযোগ্য স্বাস্থ্যবিধি মেনে জনগণের জন্য অনুপ্রেরণামূলক অনুষ্ঠান আয়োজ ন করা হয়। ইসলামিক ফা উন্ডেশনের জেলা /উপজেলা কা র্যালয় কর্তৃক স্থানীয় জেলা /উপজেলা প্রশাসনের সাথে সমন্বয়পূর্বক সকল জেলা/উপজেলায় **‘স্বাধীনতার সুবর্ণজয়ন্তী: স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল বাংলাদেশ’** উদযাপন কর্মসূচি বাস্তবায়ন করা হয়।




স্বাধীনতার সুবর্ণজয়ন্তী; স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল বাংলাদেশ’ উদযাপন উপলক্ষে সিলেট জেলা প্রশাসন কর্তৃক আয়োজিত মেলায় ইসলামিক ফাউন্ডেশনের স্টল পরিদর্শন করছেন সিলেটের জেলা প্রশাসক ও অন্যান্য উর্ধ্বতন সরকারী কর্মকর্তাগণ




**স্বাধীনতার সুবর্ণজয়ন্তি; স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল বাংলাদেশ' উদযাপন উপলক্ষে র‌্যালী নিয়ে শহীদ মিনার হতে সিলেট স্টেডিয়ামে মেলা প্রাঙ্গন মেলায় অংশগ্রহণ**




স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উপলক্ষে জেলা প্রশাসন কর্তৃক আয়োজিত মেলায় ইসলামিক ফাউন্ডেশন খুলনার স্টল